

ট্রেন ইনফরমেশন ডিসপ্লে সিস্টেম (Train Information Display System -TIDS)

ঢাকা স্টেশনে থেকে ট্রেন ছাড়ার তথ্যাদি					
ট্রেন নং	ট্রেনের নাম	প্লাটফর্ম নং	গন্তব্য	ছাড়ার নির্ধারিত সময়	ছাড়ার সম্ভাব্য সময়
৭২৬	সুন্দরবন এক্সপ্রেস		খুলনা	০৬:২০	--
৭০৪	মহানগর প্রভাতী	০৩	চট্টগ্রাম	০৭:৪০	--
৭৭১	রংপুর এক্সপ্রেস		রংপুর	০৯:০০	--
৭০৫	একতা এক্সপ্রেস		দিনাজপুর	১০:০০	--
৭৫৩	সিঙ্কসিটি	০৫	রাজশাহী	১৪:৪০	--
৭০২	সুবর্ণ এক্সপ্রেস		চট্টগ্রাম	১৫:০০	--
৭২২	মহানগর গোধূলী		চট্টগ্রাম	১৫:২০	--
৭৭৬	সিরাজগঞ্জ এক্সপ্রেস	০৪	ঈশ্বরদী	১৭:০০	--

বাংলাদেশ রেলওয়ের গুরুত্বপূর্ণ ও ব্যস্ততম দুটি রেলওয়ে স্টেশন ঢাকা ও চট্টগ্রাম। প্রতিদিন বিপুল সংখ্যক যাত্রী এ স্টেশনদ্বয়ের মাধ্যমে বিভিন্ন গন্তব্য স্থলে যাতায়াত করে থাকেন। ট্রেন চলাচল সম্পর্কিত বিভিন্ন তথ্যাদি যেমন ট্রেন ছাড়া ও পৌঁছার সময়, গন্তব্য স্টেশন, প্লাটফর্ম নম্বর, ট্রেনের বিলম্ব ইত্যাদি তথ্য Display মনিটরের মাধ্যমে যাত্রী সাধারণের জন্য সহজলভ্য করার উদ্দেশ্যে ঢাকা ও চট্টগ্রাম স্টেশনে Computerized Train Information Display System (TIDS) স্থাপন করা হয়েছে এবং গত ৭ জানুয়ারী, ২০১৪ তারিখে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী জনাব মোঃ মুজিবুল হক এমপি এর শুভ উদ্বোধন করেন।

সেবাসমূহ:

- ঢাকা স্টেশন এলাকায় স্থাপিত ২২টি ও চট্টগ্রাম স্টেশনে ১৪টি Display Monitor এর মাধ্যমে ট্রেন চলাচল সম্পর্কিত তথ্যাদি যেমন ট্রেন ছাড়া ও পৌঁছার সময়, গন্তব্য স্টেশন, প্লাটফর্ম নম্বর, ট্রেনের বিলম্ব ইত্যাদি তথ্য প্রদর্শিত হচ্ছে। ফলে যাত্রী সেবার ক্ষেত্রে তা গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে আসছে।
- রেলওয়ে সংক্রান্ত গুরুত্বপূর্ণ ঘোষণা এবং সংবাদকনিকা ব্রেকিং নিউজ আকারে স্টেশনে স্থাপিত ডিজিটাল মনিটরে প্রদর্শনের ব্যবস্থা রাখা হয়েছে।